

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 17-12-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বিকশিত ভারত ও আত্মনির্ভর ভারত গড়ার জন্য গ্রামে বসবাসকারী মহিলাদের স্বনির্ভর করে তুলতে স্বসহায়ক দল গঠন করা হয়েছে। তাদের ঋণ দেওয়ার জন্য স্টেট কো-অপারেটিভ ব্যাংককে আরও তৎপর হতে হবে। যেসব স্বসহায়ক দল ঋণ নিয়ে সময়মতো পরিশোধ করেছে তাদের ঋণ দেওয়া আরও সহজতর করতে হবে। গতকাল সচিবালয়ের কনফারেন্স হলে ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন গতানুগতিক পুরানো চিন্তাভাবনার বাইরে গিয়ে ব্যাঙ্কগুলিকে নতুন চিন্তাভাবনা করতে হবে। ল্যাম্পস ও প্যাক্সগুলির সঙ্গে সমন্বয় আরও শক্তিশালী করতে হবে। সভায় আলোচনা করেন মুখ্যসচিব জে কে সিনহা, সমবায় দপ্তরের সচিব তাপস রায় প্রমুখ। এছাড়াও গতকাল মহাকরণে মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে মার্কফেডের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মুখ্যমন্ত্রী মার্কফেডের কাজকর্ম নিয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। মার্কফেডের কাজের ক্ষেত্রে আরও গতি আনতে নতুন নতুন শাখা কার্যালয় খোলার পরামর্শ দেন। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া মার্কফেডের বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*

**Rail :**

রেল মন্ত্রক জিরানিয়া ও বোধজং নগরের মধ্যে ১৪ কিলোমিটার দীর্ঘ নতুন রেললাইন নির্মাণের জন্য চূড়ান্ত সমীক্ষার অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী। মুখ্যমন্ত্রী গতকাল সামাজিক মাধ্যমে জানান, প্রস্তাবিত রেললাইন চালু হলে সংশ্লিষ্ট অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় হবে। শিল্পাঞ্চলে কাঁচামাল পরিবহণ ও পণ্য সরবরাহে গতি আসবে। পরিবহন মন্ত্রী জানান, নতুন এই রেললাইন চালু হলে পশ্চিম জেলার পার্শ্ববর্তী জেলাগুলিতেও আরো শিল্প উন্নয়ন ত্বরান্বিত হবে। পাশাপাশি সংশ্লিষ্ট অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে।

\*\*\*\*\*

### **Vikshit Bharat - Gramin Bill 2025:**

সরকার গতকাল লোকসভায় বিকশিত ভারত – Guarantee for Rozgar and Ajeevika Mission (গ্রামীণ) বিল ২০২৫ পেশ করেছে। এই আইনটি কুড়ি বছর পুরোনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন, ২০০৫ (এমজিএনআরইজিএ)-এর স্থলাভিষিক্ত হবে। এই বিলের লক্ষ্য হলো বিকশিত ভারত @২০৪৭-এর জাতীয় দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি গ্রামীণ উন্নয়ন পরিকাঠামো প্রতিষ্ঠা করা।

এই আইনের অধীনে, প্রতিটি আর্থিক বছরে প্রতিটি গ্রামীণ পরিবারকে একশ পঁচিশ দিনের মজুরিযুক্ত কর্মসংস্থানের আইনি নিশ্চয়তা প্রদান করা হবে।

এই বিল সমৃদ্ধ ও স্থিতিস্থাপক গ্রামীণ ভারতের জন্য ক্ষমতায়ন, প্রবৃদ্ধি, সমন্বয় এবং সর্বব্যাপী প্রসারকেও উৎসাহিত করবে।

\*\*\*\*\*

### **Sabka Bima sabki raksha bill 2025:**

লোকসভায় গতকাল "সবকা বীমা সবকি রক্ষা", বীমা আইন সংশোধনী বিল ২০২৫ পাশ হয়েছে। বিলটির লক্ষ্য হলো বীমা ক্ষেত্রের প্রবৃদ্ধি ও উন্নয়নকে ত্বরান্বিত করা এবং পলিসিধারীদের উন্নত সুরক্ষা নিশ্চিত করা। এতে বীমা কোম্পানিগুলির জন্য ব্যবসা করার সুবিধা উন্নত করা, বিধি প্রণয়নে স্বচ্ছতা আনা এবং এই ক্ষেত্রের উপর নিয়ন্ত্রক তদারকি উন্নত করারও প্রস্তাব করা হয়েছে।

আলোচনার জবাবে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, সরকার জনগণের কল্যাণের জন্য বেশ কয়েকটি বীমা প্রকল্প চালু করেছে। তিনি বলেন, সরকার সরকারি ক্ষেত্রের বীমা কোম্পানিগুলিকে শক্তিশালী করার জন্যও পদক্ষেপ নিয়েছে।

\*\*\*\*\*

### **Governor-Disaster Management :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল নিউ ক্যাপিটেল কমপ্লেক্সস্থিত ভ্রাণ, পুনর্বাসন এবং প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দপ্তরের প্রধান কার্যালয় পরিদর্শন করেন। ভূমিকম্প, ঝড়, ভূমিধ্বস, দাবানল সহ বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার ব্যবস্থাপনার বিষয়ে আধিকারিকগণ রাজ্যপালকে অবহিত করেন। প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় দপ্তরের ভূমিকার বিষয়েও রাজ্যপালকে অবগত করা হয়। রাজ্যপাল আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন এবং প্রয়োজনীয় নির্দেশ দেন।

\*\*\*\*\*

### **Khelo India:**

রেল প্রতিমন্ত্রী রভনীত সিং বিট্টু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের যুবকদের খেলাধুলা এবং অন্যান্য যুব কার্যক্রমের সাথে যুক্ত করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

নয়াদিল্লিতে ক্রীড়া ও যুব বিষয়ক খাতের সাফল্য নিয়ে এক সংবাদ সম্মেলনে গতকাল তিনি বলেন, খেলো ইন্ডিয়ায় মতো প্রকল্পের অধীনে সরকার গ্রামীণ ক্রীড়াবিদদের পেশাদার স্তরে উন্নীত করার উপর মনোযোগ দিচ্ছে। তিনি উল্লেখ করেন, খেলো ইন্ডিয়া কর্মসূচির অধীনে ৭৯৩টি জেলায় ১,০০০টিরও বেশি খেলো ইন্ডিয়া কেন্দ্র স্থাপন করা হয়েছে।

\*\*\*\*\*

## **Swachh Bharat Mission :**

ধলাই জেলার পর্যটনকেন্দ্র নারিকেল কুঞ্জে গতকাল হোম স্টেট সোসাইটির উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযানের আয়োজন করা হয়। এই অভিযানের মূল লক্ষ্য ছিল প্রাকৃতিক সৌন্দর্য সংরক্ষণ, পরিবেশের স্বচ্ছতা বজায় রাখা এবং পর্যটন এলাকাকে সম্পূর্ণভাবে প্লাস্টিক ও জঞ্জালমুক্ত করে তোলা।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

